



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৭১০২

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/ ২৬৬২

তারিখঃ ৭/০২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/১৮৭৭; তারিখঃ ১০/০৮/২০১৬খ্রিঃ

২) স্মারক নম্বর- ০৫.০০.০৮৫৪.০০০.০০.০১৮.১৬-৭৪৭; তারিখঃ ২৪.১০.২০১৬খ্রিঃ

৩) নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/২২৩৩; তারিখঃ ২১/১২/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব এ. বি. এম. আঃ জব্বার এর বিরুদ্ধে দুর্নীতি, নিয়োগ বাণিজ্য, জাল জালিয়াতি, অবৈধ কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে এডহক কমিটির সভাপতি ও স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ মনজুর আলম কাগজপত্রসহ একখানা অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করা যায়, একই বিষয় উল্লেখ করে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় সংসদের চীফ হুইপ জনাব আ. স. ম ফিরোজ, এমপি'র একখানা ডিও লেটার সংযুক্ত রয়েছে (কপি সংযুক্ত)।

২) অপরদিকে সুপার জনাব এ. বি. এম. আঃ জব্বার এডহক কমিটির সভাপতি জনাব মোঃ মনজুর আলম এর বিরুদ্ধে হীনস্বার্থ চরিতার্থ করার জন্য অবৈধভাবে সুপারকে বরখাস্তের পায়তারা, প্রাণ নাশের হুমকী এবং মাদরাসার অফিসকক্ষে তালা লাগানোর বিষয়ে অভিযোগ দাখিল করেন (কপি সংযুক্ত)।

৩) পারস্পারিক অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালীকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন (কপি সংযুক্ত)। তদন্তে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অত্র দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২১৩৬/৪/নথি নং- পটুয়াখালী-১৭৮; তারিখঃ ০৭/১১/২০১৬খ্রিঃ স্মারকে ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়।

৪) জনাব মোঃ মনজুর আলম পুনরায় একটি অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন। অভিযোগপত্রে তদন্ত প্রতিবেদনে সরেজমিনে তদন্তের কথা উল্লেখ করলেও সরেজমিনে গিয়ে কোন স্বাক্ষর প্রমাণ বা বাদীকে অবহিত করা হয়নি মর্মে উল্লেখ পূর্বক পুনরায় তদন্তের জন্য অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)।

৫) সভাপতি ও সুপারের বিভিন্ন অনিয়ম, স্বৈচ্ছাচারিতা ও অনিয়মের কারণে ম্যানেজিং কমিটির দাতা সদস্য-০১ জন, অভিভাবক সদস্য-০৫ জন ও শিক্ষক প্রতিনিধি-০২ জন মোট= ০৮জন সদস্য পদত্যাগ করেছেন। পদত্যাগ জনিত কারণে ম্যানেজিং কমিটির সভা পরিচালনা করার কোরাম পূরণ না থাকায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ৩নং স্মারকে সভাপতি ও সুপারকে কারণ দর্শানে হয়েছে। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও সুপার জবাব দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ মাদরাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

প্রাপকঃ জেলা প্রশাসক, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/

তারিখঃ ১০/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ-

১. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৪. জনাব মোঃ মনজুর আলম সভাপতি- এডহক কমিটি, রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৫. সুপার, রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪